# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১১.০০৮.১৯-১২৭৫৫

তারিখঃ ২০-০৫-২০১৯ খ্রি.
০৬-০২-১৪২৬ বং

## অফিস আদেশ

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর "কৃষি যন্ত্রপাতি প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত রীট পিটিশন নং-৪২৫০/২০১৬ এর ১২-০৪-২০১৬ তারিখে প্রদত্ত মহামান্য হাইকোর্টের রায় মোতাবেক রীটকারীগণকে রাজস্বখাতের পদে আত্মীকরণের নির্দেশ প্রদান করা হয়। উল্লেখ্য যে পিটিশনারদের রাজস্বখাতে আত্মীকরণের বিষয়ে 18MLR (AD) 372 এর আলোকে তিনটি পর্যবেক্ষণ অনুসরণের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত রীট পিটিশন নং-৪২৫০/২০১৬ এর বিরুদ্ধে সুপ্রীম কোর্টের মহামান্য আপীল বিভাগে সিপিএলএ নং-৮৮৬/২০১৭ দায়ের করা হলে মহামান্য আপীল আদালত শুনানী শেষে গত ১৫-০৩-২০১৮ তারিখ কয়েকটি শর্ত আরোপ করে আপীলটি ডিসমিস করেন। তৎপ্রেক্ষিতে সিপিএলএ রায়ের বিরুদ্ধে সুপ্রীম কোর্টে ৪৩৪/২০১৮নং সিআরপি মামলা দায়ের করলে শুনানীঅন্তে মহামান্য আদালত ২৫-১০-২০১৮ তারিখ সিআরপি মামলাটি ডিসমিস করে রীটকারীগণকে রাজস্বখাতে আত্মীকরণের আদেশ প্রদান করেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৪২৫০/২০১৬ ও মহামান্য আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-৮৮৬/২০১৭ এবং সিভিল রিভিউ পিটিশন নং-৪৩৪/২০১৮ এর রায় সার্বিক বিবেচনায় রীটকারীদের নামের পাশে বর্ণিত পদ, কর্মস্থল, মূল বেতন ও বেতনক্রম এবং বর্ণিত শর্তাধীনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের চাকরিতে ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত রাজস্বখাতে আত্মীকরণ (Absorb) করা হলো এবং ক্রমিক নং-০৭ এ বর্ণিত রীটকারীকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আইসিটি বিভাগের জন্য রাজস্বখাতে সৃজনকৃত ডাটা এন্ট্রি অপারেটর পদে আত্মীকরণ (Absorb) করা হলো।

| ক্রমিক | নাম, স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ | পদবী | মূল বেতন ও বেতনক্রম/২০১৫ | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মোঃ রেজাউল করিম<br>পিতা- মোঃ তাজুল ইসলাম<br>মাতা- মোছাঃ হাসিনা বেগম<br>গ্রামঃ কাছনা, ডাকঘরঃ নিউ সাহেবগঞ্জ, উপজেলাঃ সদর, ওয়ার্ড-৯, রংপুর সিটি কর্পোরেশন, জেলাঃ রংপুর<br>জন্ম তারিখ: ১৪-১০-১৯৮২ | কৃষি প্রকৌশলী (বৈজ্ঞানিক কর্মকর্তা) | ২২০০০/-<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | রংপুর | আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, যশোর | |
| ২। | মোঃ মেহেদী মোর্শেদ<br>পিতা- মোঃ দেলোয়ার হোসেন<br>মাতা- মমতাজ বেগম<br>গ্রামঃ চররূপপুর, ডাকঘরঃ দিয়ার সাহাপুর, উপজেলাঃ ঈশ্বরদী, জেলাঃ পাবনা<br>জন্ম তারিখ: ১০-০৯-১৯৮৩ | কৃষি প্রকৌশলী (বৈজ্ঞানিক কর্মকর্তা) | ২২০০০/-<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | পাবনা | পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, খাগড়াছড়ি পার্বত্যজেলা | |
| ৩। | মোঃ মশিউর রহমান<br>পিতা- মৃত মোঃ আব্দুল জোব্বার মোল্লা<br>মাতা-মনোয়ারা বেগম<br>গ্রামঃ রসুলপুর, ডাকঘরঃ ফাঁসিতলা, উপজেলাঃ গোবিন্দিগঞ্জ,জেলাঃ গাইবান্ধা<br>জন্ম তারিখ: ০১-০৬-১৯৮৪ | কৃষি প্রকৌশলী (বৈজ্ঞানিক কর্মকর্তা) | ২২০০০/-<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | গাইবান্ধা | আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, জামালপুর | |
| ৪। | মোঃ আমিনুর রহমান<br>পিতা- মোঃ মছিহুর রহমান<br>মাতা- হামিদা বেগম<br>৪৪/ক, কে সি রায় রোড, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ<br>জন্ম তারিখ: ০১-০৬-১৯৮৫ | কৃষি প্রকৌশলী (বৈজ্ঞানিক কর্মকর্তা) | ২২০০০/-<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ময়মনসিংহ | আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, রহমতপুর, বরিশাল | |
| ৫। | মোশারফ হোসেন<br>পিতা- সিরাজ উদ্দিন<br>মাতা- মিনারা, গ্রামঃ বেলাশী, ডাকঘরঃ রায়েদ, উপজেলাঃ কাপাসিয়া, জেলাঃ গাজীপুর<br>জন্ম তারিখ: ১৫-০১-১৯৮৬ | কৃষি প্রকৌশলী (বৈজ্ঞানিক কর্মকর্তা) | ২২০০০/-<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | গাজীপুর | মেশিনারী মেরামত ও রক্ষণাবেক্ষণ বিভাগ, বারি, জয়দেবপুর, গাজীপুর | |

| ক্রমিক | নাম, স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ | পদবী | মূল বেতন ও বেতনক্রম/২০১৫ | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৬। | মোঃ সফিকুল ইসলাম<br>পিতা- মৃত আব্দুল মান্নান<br>মাতা- মোছাঃ রমিজা খাতুন<br>গ্রামঃ দিগধা, ডাকঘরঃ ভুলেশ্বর, উপজেলাঃ কাপাসিয়া, জেলাঃ গাজীপুর<br>জন্ম তারিখ: ০৫-০৫-১৯৮৩ | মেকানিক | ৯৩০০/-<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | গাজীপুর | আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, যশোর | |
| ৭। | জয়নব খাতুন<br>পিতা- সুলতান মাহমুদ<br>মাতা- নার্গিস মাহমুদ<br>স্বামীঃ মোঃ তারেক হাসান<br>বাড়ি নং-২৯৮, মহল্লা-কাদিরগঞ্জ, জিপিও-৬০০০, থানা-বোয়ালিয়া, জেলাঃ রাজশাহী<br>জন্ম তারিখ: ০৯-১০-১৯৯১ | রাজস্বখাতে সৃজনকৃত ডাটা এন্ট্রি অপারেটর | ৯৩০০/-<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | রাজশাহী | এএসআইসিটি বিভাগ, বারি, জয়দেবপুর, গাজীপুর | |

**শর্তাবলীঃ**

১। যোগদানের তারিখ হতে আত্মীকরণ কার্যকর করা হবে এবং প্রচলিত বিধি মোতাবেক যাবতীয় সুযোগ সুবিধা প্রাপ্য হবে।

২। চাকরিতে যোগদানের সময় ডোপটেস্টসহ জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৩। যোগদানের পর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৪। অত্র দপ্তরে সংরক্ষিত শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও অন্যান্য তথ্যের সাথে অসঙ্গতি পাওয়া গেলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ হবে।

৫। মহামান্য আদালতের আদেশের নির্দেশনা মোতাবেক ইহা একটি বিশেষ নিয়োগ হিসেবে ইনস্টিটিউটে গণ্য হবে এবং পরবর্তীতে অন্য কেউ এ আদেশের অনুবৃত্তিক্রমে বর্ণিত পদে কিংবা অন্য কোন পদে নিয়োগ দাবী করতে পারবেন না।

৬। সিপিএলএ মামলা নং-৮৮৬/২০১৮ অনুযায়ী মহমান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের ১৫-০৩-২০১৮ তারিখের রায়ে উদ্ধৃত "Continuity of Service and other benefits are expunged" অর্থাৎ আপনাদেরকে চাকরিতে যোগদানের পূর্বে চাকরির কোন ধারাবাহিকতা এবং অন্যান্য (আর্থিকসহ) সুবিধা প্রদান করা হবে না।

৭। আত্মীকৃত কর্মকর্তা/কর্মচারীগণকে নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য জ্যেষ্ঠতা নীতিমালা অনুসরণ করে প্রার্থীদের জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

৮। ক্রমিক নং-১ হতে ৬ এ বর্ণিত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে প্রাথমিক অবস্থায় তারা ১ (এক) বছর শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। তবে প্রয়োজন হলে এই সময় অনধিক ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা যাবে। সন্তোষজনকভাবে শিক্ষানবীশকাল উত্তীর্ণের পর তাদেরকে চাকরিতে স্থায়ী করা যেতে পারে।

৯। ক্রমিক নং-৭ এ বর্ণিত কর্মচারীর ক্ষেত্রে প্রাথমিক অবস্থায় তিনি ১ (এক) বছর শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। তবে প্রয়োজন হলে এই সময় আরও অনুর্ধ ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা যাবে। সন্তোষজনকভাবে শিক্ষানবীশকাল উত্তীর্ণের পর মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখে মপবি/পঃবিঃশা/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ মোতাবেক উক্ত পদ রাজস্বখাতে স্থায়ী হলে তাকে চাকরিতে স্থায়ী করা যেতে পারে।

১০। শিক্ষানবীশ থাকাকালে তারা ১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান করে চাকরি হতে ইস্তফা দিতে পারবেন। নোটিশ প্রদানে ব্যর্থতায় তারা ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতি পূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন।

১১। শিক্ষানবীশ হিসাবে চাকরিকালে কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে তার চাকরির অবসান ঘটাতে পারবে এবং এরূপ চাকরি অবসানের কারণে তারা কোন প্রকার ক্ষতি পূরণ পাবেন না।

১২। চাকরিতে স্থায়ী হওয়ার পর তারা তাদের অভিপ্রায় উল্লেখ পূর্বক তিন মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতায় তারা ইনস্টিটিউটকে তাদের তিন মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন। তবে আনুষ্ঠানিকভাবে ইস্তফাপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তারা তাদের চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না।

১৩। অন্যান্য বিষয়ে তাদের চাকরি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১১, বাংলাদেশ কৃষি গবেষণা ইনটিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত অন্যান্য বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে। এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যৎ প্রণীতব্য বিধি বিধান দ্বারা চাকরি নিয়ন্ত্রিত হবে।

(ক) উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে তারা ২ কপি সদ্য তোলা (৬ মাসের পূর্বের নয়) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব সনদপত্র, প্রকল্পে চাকরির নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের মূলকপি, ডোপটেস্ট প্রত্যয়নপত্র, জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্রসহ উপস্থিত হয়ে তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলের ভারপ্রাপ্ত কর্মকর্তা এর নিকট আগামী ১৬-০৬-২০১৯ হতে ২০-০৬-২০১৯ তারিখের মধ্যে (সংযোজিত ফরমে) কাজে যোগদান করবেন। বর্ণিত সকল কাগজপত্রের সত্যায়িত ০২ কপি যোগদানের সময় জমা দিতে হবে। উক্ত সময়ের মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হলে তার আদেশ বাতিল বলে গণ্য হবে।

(খ) সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা আত্মীকৃত কর্মকর্তা/কর্মচারীদের যোগদানপত্র গ্রহণপূর্বক তার সকল কাগজপত্রের এক প্রস্থ (এক কপি ছবি) এবং পুলিশ ভেরিফিকেশন ফরম (পূরণকৃত দুই কপি), ডোপটেস্ট প্রত্যয়নপত্র, জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্র, দুই প্রস্থ জীবন বৃত্তান্ত, যৌথবীমা ও কল্যাণ তহবিল, সাধারণ ভবিষ্য তহবিল এবং অবসরভাতা সুবিধাদি গ্রহণের মনোনয়নপত্রের ফরম এবং আদেশের সাথে সংযোজিত যৌতুক সম্পর্কিত ঘোষণাপত্র প্রার্থী কর্তৃক পূরণ করে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কেউ কাজে যোগদান না করলে তাও সত্বর অবহিত করতে হবে।

স্বাক্ষরিত/-
(ড. আবুল কালাম আযাদ)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১১.০০৮.১৯-১২৭৫৫

তারিখঃ ২০-০৫-২০১৯ খ্রি.
০৬-০২-১৪২৬ বং

**বিতরণঃ**

১। পরিচালক (সেবা ও সরবরাহ/গবেষণা/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন), বারি, জয়দেবপুর, গাজীপুর
২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, জয়দেবপুর, গাজীপুর- (আদেশটি বারি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, যশোর/আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, রহমতপুর, বরিশাল/আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, জামালপুর/পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, খাগড়াছড়ি পার্বত্যজেলা
৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, জয়দেবপুর, গাজীপুর
৫। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মেশিনারী মেরামত ও রক্ষণাবেক্ষণ বিভাগ, বারি, জয়দেবপুর, গাজীপুর
৬। প্রটোকল অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বারি, জয়দেবপুর, গাজীপুর
৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, জয়দেবপুর, গাজীপুর
৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, বেনিফিট সেল, বারি, জয়দেবপুর, গাজীপুর
৯। জনাব/বেগম ....................................................................................................
১০। কম্পিউটার সেল, প্রশাসন শাখা, বারি, জয়দেবপুর, গাজীপুর
১১। এসিআর সেল, প্রশাসন শাখা, বারি, জয়দেবপুর, গাজীপুর
১২। সংশ্লিষ্ট নথি
১৩। ব্যক্তিগত নথি।

২০/০৫/১৯

(মোঃ মাহমুদুল হাসান)
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন)(চ. দা.)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ৪৯২৭০০১০/৫৪৯২

# ঘোষণাপত্র

আমি ........................................................... পিতা/স্বামী ..............................................

গ্রাম/মহল্লা/ওয়ার্ড ........................................... ডাকঘর- ..............................., থানা- ......................,

জেলা- ....................................... এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি নিজের বা পরিবারের অন্য কোন সদস্যের জন্য যৌতুক গ্রহণ বা প্রদান করিব না।

..............................................

স্বাক্ষর ও তারিখ

নাম : ..............................................

পদবী : ..........................................

ঠিকানা : ......................................

.................................................

.................................................

বরাবর,

.................................................................

.................................................................

.................................................................

বিষয় ঃ ................................................................. পদে যোগদান প্রসংগে ।

সূত্র ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের স্মারক নং-..................................................................

তারিখ ঃ ..............................

উপযুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের বরাতে আমি অদ্য .......................... ইং (........................ বাং) তারিখ পূর্বাহ্নে/অপরাহ্নে স্বীয় কাজে যোগদান করিলাম। এতদসংগে নিম্নোক্ত কাগজপত্র প্রদান করা হইলঃ-

ক) পুলিশ ভেরিফিকেশন ছক ২ (দুই) প্রস্থ
খ) স্বাস্থ্য পরীক্ষার সনদপত্র
গ) প্রাক্তন অফিস হইতে প্রদত্ত ছাড়পত্র এবং শেষ বেতন সনদপত্র (যদি থাকে)
ঘ) জীবণ বৃত্তান্ত ছক
ঙ) জিপিএফ তহবিল মনোনয়ন ছক ২ (দুই) প্রস্থ
চ) কল্যান তহবিল/যৌথবীমা মনোনয়নপত্র ২ (দুই) প্রস্থ
ছ) অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি এর মনোনয়নপত্র ২ (দুই) প্রস্থ
জ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ২ (দুই) প্রস্থ
ঝ) স্থায়ীনিবাস সনদপত্র ২ (দুই) প্রস্থ।

এমতাবস্থায় অনুগ্রহপূর্বক আমার যোগদানপত্র গ্রহণ করিয়া বাধিত করিবেন।

তারিখ ঃ ---------------------------- ইং
---------------------------- বাং

স্বাক্ষর ঃ ..................................

নাম ঃ ..................................

পদবী ঃ ..................................

অন্যান্য বিবরণী ঃ-

১। পিতা/স্বামীর নাম ঃ .............................................................
২। স্থায়ী ঠিকানা ঃ-

গ্রাম ঃ ............................................ ডাকঘর ঃ ............................................

থানা ঃ ............................................ জেলা ঃ ............................................

৩। বর্তমান ঠিকানা ঃ-

.................................................................

.................................................................

.................................................................

৪। জন্ম তারিখ ঃ ..............................
৫। বৈবাহিক অবস্থা ঃ ..............................
৬। সন্তানের সংখ্যা ঃ ..............................

| নাম | বয়স |
|---|---|
| ক) | |
| খ) | |
| গ) | |

৭। পূর্বে কোন চাকুরীতে থাকিলে তাহার সংক্ষিপ্ত পরিচয় ঃ

D:\My documents\Joining form